

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৩৬(আগরতলা, ১১।১)
আমবাসা, ১১ জানুয়ারি, ২০১৯

আমবাসা ব্লক এলাকায় রেগায় ২ লক্ষাধিক
শ্রমদিবসের কাজ

আমাবাসা ব্লক এলাকায় এম জি এন রেগায় এখন পর্যন্ত ২ লক্ষ ৫৯ হাজার ৯০১টি শ্রমদিবসের কাজ হয়েছে। এই প্রকল্পে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাস্তা নির্মাণ, মাছ চাষের জন্য বাঁধ নির্মাণ, জলাশয় খনন, রাবার বাগান সহ বিভিন্ন ফলের বাগান গড়ে তোলার কাজ হচ্ছে। এইসব কর্মসূচি রূপায়ণের কাজে এখন পর্যন্ত ব্যয় হয়েছে ৬ কোটি ৩ লক্ষ ৯ হাজার টাকা। অন্যদিকে, সংশ্লিষ্ট ব্লক এলাকায় স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে চলতি অর্থবছরে ১৯১টি পরিবারকে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। এছাড়া, স্বচ্ছ ভারত কোষ প্রকল্পে ব্লকের ৬২৪টি পরিবারকে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। এই দুইটি প্রকল্পে প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হয়েছে ১২ হাজার টাকা। আমবাসা ব্লক অফিস থেকে এই তথ্য জানানো হয়েছে।
